# আত্মবিশ্বাসী পরীক্ষা প্রস্তুতি: নিজের শক্তি-দুর্বলতা চিহ্নিত করে সাফল্য অর্জন

পরীক্ষার প্রস্তুতিতে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হল নিজেকে সঠিকভাবে চেনা।

এই উপস্থাপনায় আমরা আপনাকে ৭টি কার্যকরী ধাপে সফল পরীক্ষা প্রস্তুতির কৌশল শেখাবো।



# ধাপ ১: নিজেকে চিনুন – কোথায় আপনি ভালো, কোথায় দুর্বল?



### ১-৫ স্কেলে মূল্যায়ন

প্রতিটি বিষয়ে আত্মবিশ্বাস যাচাই করুন

### বিষয় তালিকা

বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান, বিজ্ঞান, আইসিটি

### তিনটি ক্যাটাগরি

স্ট্রং জোন, মিড জোন, উইক জোন

সৎভাবে নিজেকে বিশ্লেষণ করুন। খাতা বা গুগল শিটে প্রতিটি বিষয়ের জন্য নিজের প্রস্তুতিকে (১-৫) নাম্বারের মধ্যে সঠিকভাবে মূল্যায়ন করুন।

# ধাপ ২: উইক জোন-এর ভেতর বাছাই করুন

### পারবেন এমন টপিক

চেষ্টা করলে শিখতে পারবেন এমন বিষয়। যেমনঃ গণিতের ব্যাপারে যদি বলি, তবে-

- বীজগণিত
- সহজ শতকরা
- সুদকষা

### এড়িয়ে যাওয়ার টপিক

একেবারেই কঠিন বা মাথায় ঢোকে না। গণিতের ব্যাপারটাই যদি ধরি, তবে অনেকের ক্ষেত্রে কিছু বিষয় বুঝতে বা মনে রাখতে সমস্যা দেখা যায়। যেমন-

- জটিল লজিক
- জ্যামিতির কিছু পার্ট
- পরিসংখ্যান

যেসব বিষয় শিখতে অনেক সময় লাগবে বা ফল পাবেন না, কমন পড়ার সম্ভাবনাও কম সেগুলো এড়িয়ে যান। সময় ও শক্তি বাঁচান।

# ধাপ ৩: স্মার্ট রোডম্যাপ তৈরি করুন



**স্ট্রং জোন** – **১০০% ফোকাস**

সবচেয়ে বেশি সময় দিন

৯০-১০০% নম্বর টার্গেট করুন

**মাঝামাঝি জোন** – **৮০-৯০%**

সহজ টপিকগুলো পড়ুন

কঠিন টপিক বাদ দিন

**উইক জোন** – **৬০%**

শুধু সহজ অংশ নিন

বেসিক টপিক চয়ন করুন

স্ট্রং জোন থেকে বেশি নম্বর তুলে উইক জোন-এর চাপ কমান। এটাই স্মার্ট প্রস্তুতি।




# ধাপ ৪: দৈনিক রুটিন তৈরি করুন।

আপনার দৈনিক রুটিন তৈরির জন্য এখানে তিনটি বিষয়ের উদাহরণ দেওয়া হলো:

| বিষয় | প্রস্তুতির ধরন | সময় |
|---|---|---|
| বাংলা (স্ট্রং জোন) | দৈনিক প্র্যাকটিস, নোট তৈরি, MCQ | ১ ঘণ্টা |
| আন্তর্জাতিক (মিড জোন) | প্রতি ২ দিনে ১ চ্যাপ্টার + MCQ | ৪৫ মিনিট |
| গণিত (উইক জোন) | সপ্তাহে ২ দিন বেছে নেওয়া (একটু কঠিন তবে কমন আসে) টপিকগুলো চর্চা করুন। | ৩০ মিনিট |

কার্যকরী প্রস্তুতির জন্য পমোডোরো টেকনিক ব্যবহার করুন: ২৫ মিনিট পড়ার পর ৫ মিনিটের বিরতি নিন।

# ধাপ ৫: ভুলের খাতা ও টাইম ম্যানেজমেন্ট



### ভুলের খাতা ব্যবহার করুন

আপনি যেসব প্রশ্নের উত্তর ভুল করেন, সেগুলোর সঠিক উত্তর এবং ভুলের কারণ বিস্তারিতভাবে লিখে রাখুন।

সপ্তাহে অন্তত একবার এই খাতাটি পর্যালোচনা করুন।

### টাইমার দিয়ে অনুশীলন করুন

পরীক্ষার পরিবেশ তৈরি করে টাইমার সেট করুন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে একটি প্যাসেজ সমাধান করুন।

এভাবে একাধিক প্রশ্ন সমাধানের সময় পর্যবেক্ষণ করে আপনার গতি পরিমাপ করুন।

### প্রগতি যাচাই ও উন্নতি

প্রতি সপ্তাহে আপনার নির্ভুলতা ও গতি উভয়ই বাড়ছে কিনা তা পর্যবেক্ষণ করুন।

নিয়মিত অনুশীলনের মাধ্যমে আপনার কর্মক্ষমতা ধীরে ধীরে বৃদ্ধি করুন।

ভুলকে ভয় না পেয়ে বরং প্রতিটি ভুল থেকে শিখুন। মনে রাখবেন, প্রতিটি ভুলকে সংশোধন করার মাধ্যমে আপনি সাফল্যের পথে আরও এক ধাপ এগিয়ে যাচ্ছেন।

# ধাপ ৬: অনুপ্রেরণা ও শেখার পরিবেশ তৈরি করুন

### স্টাডি গ্রুপ বানান

দুর্বল টপিকে বন্ধুদের সাথে আলোচনা করুন।

### মেন্টর খুঁজুন

শিক্ষকের সাহায্য নিন।

### অ্যাকটিভ রিকল ও স্পেসড রিপিটেশন

শেখা জিনিস নিয়মিত পুনরালোচনা করুন।

### চাংকিং টেকনিক

ছোট ছোট অংশে পড়ুন । এতে করে মনোযোগ বেশি থাকবে এবং মনে রাখা সহজ হবে।

একটা মৃদু আলোকিত জায়গায় পড়তে বসুন। লো-ফাই মিউজিক বা হোয়াইট নয়েজ চালাতে পারেন।





# শেষ কথা: আপনিই আপনার সাফল্যের চাবিকাঠি

**১০০%**

**স্ট্রং জোনে ফোকাস**

যেটা পারেন সেটাই বেশী করে পড়ুন

**৮০%**

**মাঝামাঝি জোনে চয়ন**

যেটা পড়লে পারবেন, সেটাতেই প্রাধান্য দিন

**৬০%**

**উইক জোনে কৌশল**

শুধু যেটা পারবেন, সেটাই পড়ুন

সবকিছু পারতে হবে না, জানতে হবে কোনটা বাদ দিলেও প্রস্তুতিতে ঘাটতি  আসবে না।